NYC Consumer Affairs | Department of Education

Bengali

## উপভোক্তা সুরক্ষা

## সদ্য প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা মানুষদের জন্য ছোটখাট পরামর্শ

# ক্রেডিট কার্ডের বিষয়ে দ্রুত ছোটখাট পরামর্শ

আপনি ক্রেডিট ব্যবহার করার মানে হল পরে পরিশোধ করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে আপনি অর্থ ধার করছেন। ক্রেডিট কার্ড বিনামূল্যে পাওয়া যায় না। আপনার কাছে নগদ অর্থ না থাকলে আপনি ক্রেডিট কার্ড দিয়ে জিনিস কিনতে পারবেন তবে আপনাকে তার জন্য সুদ এবং ফী দিতে হবে।

দায়িত্বের সঙ্গে ক্রেডিট কার্ড ব্যবহার করলে তা আপনাকে ভালো ক্রেডিট ইতিহাস গড়ে তুলতে সহায়তা করবে। আপনি আপনার ক্রেডিট রিপোর্টে আপনার ক্রেডিট ইতিহাস দেখতে পাবেন (যা আপনার ক্রেডিট স্কোর দেখায়)। ক্রেডিট স্কোর ভালো থাকলে আপনি অপেক্ষাকৃত সহজেই ঋণ পেতে পারবেন এবং এমনকি ভালো সুদের হারেই তা পেতে পারবেন।

ক্রেডিট কার্ডের অপব্যবহার করলে তা থেকে ঋণের সমস্যায় জড়িয়ে পড়তে পারেন এবং তা আপনার ক্রেডিট রিপোর্ট এবং স্কোরে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

*ক্রেডিট কার্ড ব্যবহার করার আগে...*
**বাজেট করে নেওয়া এবং অর্থ সাশ্রয় করার বিষয়টি নিশ্চিত করুন।**

প্রতিমাসে আপনি কত রোজগার করতে পারবেন, কোন বিলগুলি আপনাকে অবশ্যই মেটাতে হবে তা জানুন এবং বাকি অর্থ সাশ্রয় করুন। আপনি আপনার খরচের হিসাব রাখলে এবং বুঝেশুনে খরচ করলে, আপনি ক্রেডিট কার্ড দিয়ে অর্থ মেটানোর পরিবর্তে হয়তো নগদ অর্থ দিয়েই তা মেটাতে পারবেন। তবে আপনি ক্রেডিট কার্ড ব্যবহার করলে, আপনি আপনার বিবৃতি পেলে তখন প্রস্তুত হয়ে থাকতে হবে।

***বিচক্ষণতার সঙ্গে ক্রেডিট কার্ড বেছে নেওয়া এবং ব্যবহারের বিষয়ে দ্রুত ছোটখাট পরামর্শ***

- **সব ধরনের কার্ডের বিষয়ে জানুন।** অনেক ধরনের কার্ড হয় এবং কার্ড বিশেষে তাদের অফার, সুদের হার এবং সুযোগসুবিধা আলাদা আলাদা হয়। কেনাকাটার দিক থেকে কোনো কার্ডের সুদের হার কম এবং কোনো বার্ষিক ফী নেই তা জানতে চেষ্টা করুন। বিকল্পগুলির তুলনা করুন এবং আপনার প্রয়োজনের দিক থেকে সবথেকে উপযুক্ত কার্ডটি বেছে নিন।
- **ছোট হরপে লেখা বিষয়গুলি পড়ে নিন।** নেওয়ার জন্য নাম লেখানোর আগে আপনার কার্ডের ক্ষেত্রে প্রযোজ্য সমস্ত শর্তাদি পড়ে নিন এবং বুঝে নিন।
- **আপনার সাধ্যের মধ্যে থাকা বিষয়েই খরচ করুন।** আপনার ক্রেডিট কার্ডের মাধ্যমে আপনি কত অর্থ মেটাতে পারবেন তার একটি সীমা আছে তবে তার মানে এই নয় যে আপনাকে ততটাই অর্থ খরচ করে ফেলতে হবে। আপনি যেদিন কেনাকাটা করছেন তার কয়েক সপ্তাহের মধ্যেই আপনাকে তার অর্থ মেটাতে হবে তাই, আপনার বাজেট মাথায় রেখে চলুন এবং সর্বদা সময়ে কার্ডের অর্থ মেটান। আপনি সময়ে মেটাতে না পারলে আপনাকে দেরিতে মেটানো বাবদ ফী এবং সুদ দিতে হবে এবং তা আপনার ক্রেডিটকে ক্ষতিগ্রস্ত করবে।
- **প্রতিমাসে আপনার বিবৃতি দেখে নিন এবং বকেয়া অর্থ পুরোপুরি ভাবে মিটিয়ে দিন।** প্রতি মাসে ক্রেডিট কার্ড কোম্পানি আপনাকে মোট যত অর্থ মেটাতে হবে তার থেকে কম পরিমাণ অর্থ মেটানোর সুবিধা দেবে। আপনার কাছে তা সুবিধাজনক মনে হতে পারে তবে আপনাকে সুদ দিতে হবে এবং তা উল্টে আপনার ঋণের বোঝা বাড়িয়ে দেবে।
- **কখন কার্ডের ব্যবহার থামিয়ে দেওয়া উচিত তা জানুন।** আপনি বকেয়া অর্থ একেবারে মিটিয়ে দিতে না পারলে, কার্ডের ব্যবহার থামিয়ে দিন এবং বকেয়া অর্থ সম্পূর্ণ ভাবে মিটে না যওয়া পর্যন্ত অর্থ দিতে থাকুন। সম্ভব হলে সবসময়ে ন্যূনতম অর্থের থেকে বেশি অর্থ মেটান।
- **আপনার টাকা রাখার ব্যাগে যতদূর সম্ভব কম সংখ্যক ক্রেডিট কার্ড রাখুন।** ঝুটঝামেলা এড়াতে এবং পরিচয় তথ্য চুরি হয়ে যাওয়া আটকাতে, নিজের সঙ্গে যতদূর সম্ভব কম সংখ্যক ক্রেডিট কার্ড রাখুন। অধিকাংশের কাছে একটি কার্ড থাকাই যথেষ্ট।
- **ক্রেডিট কার্ড বিষয়ক অফার পাওয়া থেকে নিজের নাম উঠিয়ে নিন।** optoutprescreen.com এ আপনার ঠিকানা নিবন্ধন করুন বা নিঃশুল্কে 1-888-567-8688 এ কল করুন।

# সতর্ক থাকবেন...

**ক্রেডিট কার্ডের প্রচার**
স্কুল ক্যাম্পাসে যে সমস্ত ক্রেডিট, ডেবিট এবং প্রিপেড কার্ডের প্রচার চালানো হয় তা যে নিরাপদ এমন কোনো নিশ্চয়তা নেই। বিস্তারিত জানতে, consumerfinance.gov এ উপভোক্তা আর্থিক সুরক্ষা সংস্থার (Consumer Financial Protection Bureau (CFPB) ) ওয়েবসাইট দেখুন।

অনেক ক্রেডিট কার্ড কোম্পানি অনেক ছাড় বা আকর্ষণীয় প্রারম্ভিক রেট অফার করবে যা কয়েক মাস পরেই আর থাকবে না।

**আগাম নগদ অর্থ**
আপনি আপনার ক্রেডিট কার্ডের মাধ্যমে নগদে অর্থ ওঠালে যত অর্থ দিয়ে কেনাকাটা করছেন তা মেটাতে আপনাকে বেশি সুদের হারে অর্থ দিতে হবে।

# বিনামূল্যে সহায়তা

**NYC আর্থিক সহায়তা কেন্দ্রে (NYC Financial Empowerment Center) বিনামূল্যে বিশেষজ্ঞের কাছ থেকে আর্থিক বিষয়ক পরামর্শ নিন।**
পরামর্শদাতা আপনাকে বাজেট তৈরি করতে, আপনার ঋণের পরিমাণ কমাতে, আপনার ঋণদাতার সঙ্গে দরদাম করতে, আপনার ক্রেডিট রিপোর্ট বুঝতে, আপনার ক্রেডিট স্কোর বাড়াতে এবং আরো অনেক বিষয়ে সহায়তা করবেন। আপনি যেখানে থাকেন তার কাছাকাছি কোথাও সাক্ষাৎকারের ব্যবস্থা করতে 311 এ কল করুন বা আরো জানতে nyc.gov/consumers দেখুন।

**আপনার ক্রেডিট রিপোর্টের একটি অনুলিপি বিনামূল্যে নিন এবং তা সযত্নে পর্যালোচনা করুন।**
annualcreditreport.com এ যান বা নিঃশুল্কে 1-877-322-8228 এ কল করুন।

# অন্যান্য রিসোর্সগুলি

2009 এর ক্রেডিট কার্ডের বাধ্যবাধকতার দায়দায়িত্ব এবং প্রকাশ আইন (CARD আইন) অনুসারে ক্রেডিট কার্ড কোম্পানিগুলিকে যারা কার্ড নিচ্ছেন তাদেরকে সুস্পষ্ট এবং বুঝতে পারা যায় এমন ফর্ম এবং বিবৃতি দিতে হবে; হার বাড়ানোর বিষয়ে নিয়মের উল্লেখ রাখতে হবে এবং ছাত্র ও অল্পবয়স্কদের জন্য বিশেষ সুরক্ষা দিতে হবে।

ডান দিকে এমন নমুনায় দেখানো হয়েছে যে কোন সমস্ত তথ্য ক্রেডিট কার্ড কোম্পানিগুলিকে বিবৃতিতে অবশ্যই দিতে হবে যাতে আপনি দেরিতে অর্থ পরিশোধ করলে তার কী পরিণতি হবে বা শুধুমাত্র ন্যূনতম বকেয়া অর্থ মেটালে তার কী পরিণতি হবে তা বুঝে নিতে পারেন।

- এখানে ক্রেডিট কার্ডের নমুনা বিবৃতি দেখে নিন: http://www.creditcards.com/credit-card-news/monthly-credit-card-statement-1282.php
- এখানে CFPB এর CARD আইনের বিষয়াদি দেখে নিন: http://www.consumerfinance.gov/credit-cards/credit-card-act/feb2011-factsheet/

**G-18(D) Periodic Statement New Balance, Due Date, Late Payment and Minimum Payment Sample (Credit Cards)**

**Payment Information**

| | |
|---|---|
| New Balance | $1,784.53 |
| Minimum Payment Due | $53.00 |
| Payment Due Date | 4/20/12 |

**Late Payment Warning:** If we do not receive your minimum payment by the date listed above, you may have to pay a $35 late fee and your APRs may be increased up to the Penalty APR of 28.99%.

**Minimum Payment Warning:** If you make only the minimum payment each period, you will pay more in interest and it will take you longer to pay off your balance. For example:

| If you make no additional charges using this card and each month you pay... | You will pay off the balance shown on this statement in about... | And you will end up paying an estimated total of... |
|---|---|---|
| Only the minimum payment | 10 years | $3,284 |
| $62 | 3 years | $2,232 *(Savings=$1,052)* |

If you would like information about credit counseling services, call 1-800-xxx-xxxx.

উৎস: ফেডের্যাল রিজার্ভ বোর্ড (Federal Reserve Board)

DCA এর ছোটখাট পরামর্শ “ক্রেডিট সংশোধন বিষয়ক প্রায়ই ঘটা জালিয়াতি” পড়ুন।

**সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষদের জন্য উপভোক্তা সুরক্ষার বিষয়ে ছোটখাট পরামর্শের বিষয়ে**
সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষজন প্রতিদিনই উপভোক্তা বিষয়ক চ্যালেঞ্জের সম্মুখীন হন। উপভোক্তা বিষয়ক দপ্তর (DCA) বেশ কিছু তথ্যপত্র বানিয়েছে যা থেকে সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষেরা তাদের অধিকারের বিষয়ে শিক্ষিত হতে পারবেন এবং আজকে খরচ করার বিষয়ে যে সিদ্ধান্ত নিচ্ছেন তা কীভাবে তাদের আগামীদিনকে প্রভাবিত করবে সেই বিষয়ে শিক্ষিত হতে পারবেন।